# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 22 June, 2025

আগামী জাতীয় সংসদ নির্বাচন শুধু একটি সাধারণ নির্বাচন নয়, বরং এটি হবে দেশ ও পুলিশ বাহিনীর অস্তিত্ব রক্ষার নির্বাচন—এমন মন্তব্য করেছেন পুলিশের অতিরিক্ত আইজিপি (ট্রেনিং অ্যান্ড রিসার্চ) আবু নাসের মোহাম্মদ খালেদ।

রোববার (২২ জুন) সকালে টাঙ্গাইলের মহেড়া পুলিশ ট্রেনিং সেন্টারের (পিটিসি) প্যারেড মাঠে ৫৫তম ট্রেইনি রিক্রুট কনস্টেবলের (টিআরসি) সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, "আগামীর নির্বাচন হবে দেশের জন্য, পুলিশ বাহিনীর অস্তিত্ব রক্ষার জন্য।আগামীর নির্বাচন হবে পুলিশ বাহিনীর গায়ে লেগে থাকা কলঙ্ক মুছার নির্বাচন।এই নির্বাচন সুষ্ঠু ও সুন্দর করতে সকল বাহিনী, কর্মকর্তা এবং জনগণের সম্মিলিত প্রচেষ্টায় আমরা একটি সুন্দর নির্বাচন উপহার দিতে পারব ইনশাআল্লাহ।"

বিগত সময়ের আন্দোলন প্রসঙ্গে অতিরিক্ত আইজিপি বলেন, "বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন আমাদের চোখে আঙুল দিয়ে ভুলগুলো দেখিয়েছে।সেখান থেকে আমরা শিক্ষা নিয়েছি, এবং পুলিশ বাহিনীকে ইতোমধ্যে ঘুরে দাঁড় করানো হয়েছে।এখন আমরা জাতিসংঘের মানবাধিকার মানদণ্ড অনুযায়ী বল প্রয়োগের নীতি মেনে চলছি।"

জনগণের সঙ্গে সম্পর্ক উন্নয়নের ওপর গুরুত্ব দিয়ে তিনি আরও বলেন, "আমরা যদি জনগণের দিকে এক হাত বাড়িয়ে দেই, তারা আমাদের বুকে টেনে নেবে।আর যদি অপেশাদার আচরণ করি, তাহলে পূর্বের অভিজ্ঞতার পুনরাবৃত্তির সম্ভাবনা থেকেই যায়।জনগণের ভাষা ও চাওয়া উপলব্ধি করার চেষ্টা করতে হবে।"

অনুষ্ঠানে মহেড়া পুলিশ ট্রেনিং সেন্টারের কমান্ড্যান্ট ডিআইজি আশরাফুল আলম, ডেপুটি কমান্ড্যান্ট এএইচএম কামরুজ্জামান বিপিএম, টাঙ্গাইলের পুলিশ সুপার মো. মিজানুর রহমানসহ অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত ছিলেন।কুচকাওয়াজে অংশ নেন মোট ৮১৭ জন ট্রেইনি কনস্টেবল।

আইজিপি সংসদ নির্বাচন পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 June, 2025 23:02

URL: https://timestodaybd.com/dhaka/2927233548